তারিখ 18 JUN 2017
পৃষ্ঠা ৬ কলাম ৪

কালের কণ্ঠ

# কমনওয়েলথ অব লার্নিংয়ের সদস্য শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ▷

কমনওয়েলথ অব লার্নিংয়ের কার্যনির্বাহী কমিটির সদস্য হলেন বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল শনিবার কানাডার ভ্যাংকুভারে অনুষ্ঠিত কমনওয়েলথ অব লার্নিংয়ের (সিওএল) ৩৪তম বোর্ড অব গভর্নরসের সভার দ্বিতীয় দিনে পাঁচ সদস্যবিশিষ্ট কার্যনির্বাহী কমিটি মনোনয়ন করা হয়। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

সভায় কমনওয়েলথ অব লার্নিংয়ের ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে আলোচনা হয়। এ সময় শিক্ষামন্ত্রী অনলাইনভিত্তিক উন্মুক্ত শিক্ষাব্যবস্থা প্রণয়নের সুপারিশ করেন। তিনি বলেন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রসার, কার্যকর ভূমিকা এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষকের দক্ষতা, আত্মনিবেদন, প্রতিশ্রুতি, সততা ও নৈতিক মূল্যবোধের ওপর জোর দিয়ে দক্ষ ও সৎ ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তোলার জন্য কমনওয়েলথ অব লার্নিংয়ের কর্মপন্থা নির্ধারণ করা উচিত। বিশ্বজুড়ে প্রযুক্তি দ্রুত পরিবর্তিত হচ্ছে। তাই শিক্ষাসংক্রান্ত সব কার্যক্রম, উদ্যোগ ও কর্মপন্থা নির্ধারণে ক্রমপরিবর্তনশীল প্রযুক্তিকে সম্পৃক্ত করতে হবে।

সভায় বাংলাদেশের শিক্ষামন্ত্রীর কর্মপন্থা নির্ধারণীর সব সুপারিশ যথাযথ গুরুত্বের সঙ্গে নথিভুক্ত করা হয়। এ ছাড়া সভায় বোর্ড অব গভর্নরসের বাজেট আলোচনাও অনুমোদন করা হয়।